

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ
উত্তর দুর্গাপুর, বরিশাল সদর, বরিশাল।

নোটিশ

এতদ্বারা অত্র কলেজের সকল ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষে ১৫ আগস্ট, ২০২০ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস -২০২০ উপলক্ষ্যে ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে কবিতা আবৃত্তি, হামদ-নাত এবং ১০০০ (এক হাজার) শব্দের রচনা (শিক্ষার্থীদের মধ্যে) প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রচনার বিষয়বস্তু : “ কারিগরি শিক্ষায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাবনা”

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ ইচ্ছুক আগ্রহী শিক্ষার্থীদের নাম, রোল নম্বর, টেকনোলজি, পর্ব ও শিক্ষাবর্ষ উল্লেখ পূর্বক ১০০০ (এক হাজার) শব্দের রচনা (জাতীয় শোক দিবসের সাথে সংঙ্গতিপূর্ণ) আগামী ১৪.০৮.২০২০ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে ই-মেইল: becbarishl@gmail.com এই ঠিকানায় প্রেরণ করতে হবে।

এছাড়া যে সকল শিক্ষার্থী ভার্চুয়াল কবিতা আবৃত্তি ও হামদ-নাত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আগামী ১৪.০৮.২০২০ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নাম, রোল নম্বর, টেকনোলজি, পর্ব ও শিক্ষাবর্ষ উল্লেখ করে উপরিউক্ত ই-মেইল এ আবেদন প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, জুম সফটওয়্যার ব্যবহার করে ভার্চুয়াল কবিতা আবৃত্তি ও হামদ-নাত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত/-


(প্রকৌশলী মো. রুহুল আমিন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ১০.০৮.২০২০ খ্রি.

স্মারক নং - ৩৭.০৩.০৬৫১.২০০.২৩.০২৩.১৮-৯৫৫৫

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি :

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
২. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৪. বিভাগীয় প্রধান: সিভিল/ইইই/ আনুসঙ্গিক বিভাগ, অত্র কলেজ। [তাঁর বিভাগের সকলকে অবহিত করার জন্য বলা হলো]
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (তথ্য ও আইসিটি), অত্র কলেজ [প্রত্নটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ]
৬. রেজিস্ট্রার/লাইব্রেরিয়ান/হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ/কেয়ারটেকার/স্টোরকিপার, অত্র কলেজ।
[তাঁর সেকশনের সকলকে অবহিত করার জন্য বলা হলো]
৭. নোটিশ বোর্ড
৮. সংরক্ষণ নথি।


(প্রকৌশলী মো. রুহুল আমিন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ
উত্তর দুর্গাপুর, বরিশাল সদর, বরিশাল।